

Bengali

আগুন থেকে নিরাপদ থাকুন

জরুরী (ইমার্জেন্সি) অবস্থায় কি কি করা প্রয়োজন তা জানা থাকলে আপনি মৃত্যুর হাত থেকে রক্ষা পেতে পারেন।

বাসস্থানে স্মোক এলার্ম লাগিয়ে নিলে এবং আগুন লাগলে কিভাবে পালাতে হয় জানা থাকলে তা আপনার এবং আপনার পরিবারের জীবন রক্ষা করতে পারে।

বিনামূল্যে হোম ফায়ার সেইফ্টি চেক (বাসস্থানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা) করার জন্য আমাদেরকে অনুরোধ করুন।

পরিবারকে আগুন থেকে নিরাপদ রাখার জন্য ফায়ারফাইটারগণ (দমকল বাহিনীর লোকগণ) আপনার বাসস্থান পরীক্ষা করে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে পরামর্শ দেবেন এবং প্রয়োজন হলে বিনামূল্যে স্মোক এলার্ম লাগিয়ে দেবেন।

ফায়ারফাইটারগণ শুধুমাত্র আপনার সুবিধামতো সময়ে এপয়েন্টমেন্ট বানিয়ে (দেখা করার সময় ও তারিখ ঠিক করে নিয়ে) আপনার বাসস্থানে যাবেন।

ফায়ারফাইটারদের গায়ে তাদের প্রতিষ্ঠানের পোশাক লাগানো থাকবে এবং সাথে আইডেন্টিফিকেশন কার্ড (পরিচয় পত্র) বহন করবেন।

তারা আপনার বাসস্থানে যাওয়ার পর অনুগ্রহ করে আপনাকে তাদের আইডেন্টি কার্ড দেখাতে বলবেন এবং তাদের পরিচয় সম্পর্কে নিশ্চিত হতে চাইলে পূর্বে ব্যবস্থাকৃত একটি পাসওয়ার্ড (গোপন শব্দ) ব্যবহার করতে পারবেন।

বিনামূল্যে **0800 389 5525** নাম্বারে ফোন করুন।

নতুবা আমাদের **www.wmfs.net** ওয়েবসাইটে গিয়ে আপনার নাম রেজিস্টার করে নিন।

অনুরোধক্রমে আমরা আপনার জন্য ইন্টারপ্রিটারের (দোভাষীর) ব্যবস্থা করবো।



অগ্নি নিরাপত্তা (ফায়ার সেইফ্টি) সম্পর্কে পরামর্শের জন্য **www.firekills.gov.uk** ওয়েবসাইটে যান:

এই তথ্যটুকু অন্যান্য ভাষায় ও বোঝার উপযুক্ত অন্যান্য নমুনায় (ফর্ম্যাটে) দেয়া যাবে। অনুগ্রহ করে **0845 800 9000** নাম্বারে ফোন করুন।